# ছন্দে বি এম এস নিউ সাউথ ওয়েলস

ডাঃ জেসমিন শফিক



শোনো শোনো ভাই বোনেরা বলি  একটি কাহিনী
কেমন করে প্রাণের টানে এক হলো
প্রবাসী একঝাঁক চিকিৎসক সব বাহিনী
বিদেশ বিভুঁই নতুন ভাষা নতুন আশা নতুন তো সবাই বেশ
স্মৃতিতে সুদূর এক ছোট্ট শ্যামল দেশের রেশ
আবার শুরু প্রথম থেকে যাবার পর এবার শোনা
আবার ও সেই রোগ রোগীর সমস্যার সমাধান গোনা
মাঝে মাঝে হাঁফিয়ে উঠে প্রাণটা তো ছুটি চাইতো
ছেলে মেয়ে সবাইকে নিয়ে বন্ধু কূলের সমারোহে মিলতো
গুটিকয় আমরা চাইলাম প্রবাসী এক সংগঠন
যেখানে বলতে ও শুনতে পারি আমাদের সমস্যা ও সাফল্যের বর্ণন
সেই ভাবনায় এই এক যুগে দশ থেকে তিনশো তো হলাম পার
তার পরে যাবো আমরা পাঁচশো থেকে হাজার
প্রথম জেনারেশন থেকে দ্বিতীয় -তৃতীয় জেনারেশন ধরবে হাল সবার
বি এম এস নিউ সাউথ ওয়েলস রইবে সবার মাঝার।।

# খুনসুটি

ডাঃ যোবাইদা আখতার রত্না



এই শুনছো!
ঐ যে পাশের বাসার টুনি,
টুনির মায়ের কানের দুলটা -
সবুজ লালে পান্নাচুনি,
চিকচিকিয়ে হাতছানি দেয়
যখন সরায় চুলটা ।
বলছো তবে?
কালই যাব?
মুখটি ধরে চুল সরিয়ে
দুলটি তবে দেখতে পাবো ?
দুর ছাই যাও
বলছো কিসব
মুখটি কেন
ধরবে আজব?

সুন্টু মুন্টু দুষ্টসোনা
রাগছ কেন বেবি ?
দুল ছাড়াই মুখটি তোমার
মিস্টি লাগে হেবী ।
থাক তবে আর দুল চাই না
মালিক সেটার ভাবী
পান্না চুনির সাতনরি হার
ছোট্ট আমার দাবী ।
খুক খুক খুক আসছে কাশি
নাক ডাকছে ব্যঙ,
একমাস চুপ থাকতে হবে
থ্রোট করেছে হ্যাং।

হ্যাং না ছাই বড্ড চতুর
ভাবটা যেন করছি ফতুর।
গেল বছর মেলায় যেয়ে,
কিনতে শাড়ী হোঁচট খেয়ে
নাটক করলে ভারী।
ঠিক তখনই,কপাল আমার
হাতছাড়া হয় সোনা ও তামার

সুতোয় বোনা শাড়ী।
মেলায় আমার এলার্জি হয়
জানো না সোনাপাখি?
সোনা - তামা যাচ্ছে তাই ,
তোমায় আমি তেমনটি চাই ,
আটপৌরে শাড়ী পরা ,
ময়দা আটা মেকাপ ছাড়া
মুখটা তুলে তাকাও যখন
খুলে ডাগর আখি।
মরি মরি হায় কি করি --
এই ছিল তোর মনে ?
বিয়ের আগেই বলতে এসব
মিলিয়ে নিতাম সকল হিসেব,
বিলিয়নিয়ার বেয়াই নাকি
তলা ফাটা ঝুড়ি।
ডোন্ট কিল মি হানি --
বিয়ের আগে ছোট্টছিলুম
একট কেন হয়নি মালুম,
বেবী ফেইস এর ডামির ভেতর
পাড়ার দিদিমনি।

# জীবন বন্দনা

ডাঃ সাদিয়া শারমিন



বেঁচে থাকি প্রতিদিন স্বস্তিতে আর তৃপ্তিতে,
ইচ্ছে হলেই হারিয়ে যাই পাখিদের কলকাকলিতে
কিংবা ভিজে যাই অবেলার বৃষ্টিতে,
ছুটে যাই সাগর সৈকতের বেসামাল স্রোতের মহড়ায়
অথবা দূরের পাহাড়টির ঠিক শেষ সীমানায় ।

ভালো লাগে বিশুদ্ধ বাতাস
আশির্বাদে খুঁজে পাই প্রতিটি নিঃশ্বাস ।
যেন জীবনের প্রসাদ ছড়িয়ে রয়েছে
পৃথিবীর হরেক কোনায়
প্রকৃতি সহসা হাতছানি দিয়ে
সেই বার্তায়ই পাঠায় ।
মেতে উঠি ঘাস ফড়িঙের পেছন পানে ধেয়ে
আবার লুটিয়ে পড়ি নরম ঘাসের অকৃত্রিম মায়ায় ।

খানিক বাদে চেয়ে দেখি, কি অদ্ভূত নান্দনিকতা !
ঐযে ওখানটায়, ঝরে যাওয়া নানা বর্ণের পাতায় ।
যে না দেখেছে রঙের এই ভূস্বর্গ
কিভাবে বুঝবে তার গভীর মাহাত্ম !
বিমোহিত, প্রকৃতির সৌন্দর্য আর বিশালতায়
বারংবার স্পন্দিত হই, অপরিসীম কৃতজ্ঞতায় ।

# প্রস্থান

ডাঃ আমরিন সারওয়ার



আমার মরুদ্যানের মরীচিকায়
আমি কি যেন খুঁজে খুঁজে ফিরি ।
সূর্যের তপ্ততায়, পানিশূন্য এই মরুভূমি
যেন হেসে ওঠে আমার ব্যস্ততায় ।
কোথাও তুমি নেই ।

নির্ঝর ঝর্ণাধায় বহমান
পানির স্রোতরে এই জলকেলী
যেন আমারি সুরে গান গায়।
তবুও কোথাও তুমি নেই ।

ঠিক যেভাবে এসেছিলে
এক পশলা বৃষ্টির মতো।
সেভাবেই প্রস্থান হলো তোমার
অনাকাঙ্খিত রূপে।
মৃদুমন্দ বাতাসে শুনছি তোমার পদধ্বনী ।
সত্যি কী চলে গেলে ?
নাকি হৃদয়রে গহনে বিচরণ তোমার চুপি চুপি ?
কান পেতে শুনছি তোমার হৃদস্পন্দন ।
যেন ক্রমেই ঝাপসা হয়ে আসছে ।



ডাঃ মোঃ মোদাচ্ছের হোসেন

# ভালবাসি তোমায়

তুমি আমার প্রিয় বন্ধু
যেন দুরের নিলাকাশ
চির সুখে এদুটি মন
আজ করুক বিকাশ।
দুটি মনের কত কথা
শত স্মৃতির বন্ধন
একে দিয়েছে দুটি প্রানে
শপ্ত রঙ্গীন চন্দন।
আমরা দুজন দুটি ফুল
দুটি মনের ছন্দে
স্বর্গ মর্ত কম্পিত আজ
দুটি ফুলের গন্ধে।
কালো মেঘের ঘনঘটা
এলো দুপুর বেলা।
হারিয়ে গেল জীবন ছন্দ
শুরু করুন খেলা।

কালো মেঘের ঝড়ো হাওয়া
বয়ে গেল ধীরে
ক্ষত মনে রক্ত ঝরে
এ দুটি মন চিড়ে।
গোধুলী লগ্নে রক্তিম আকাশ
আশা নিরাশার আলো
শিক্ত মনে আজ একাকি
লাগে নাকো ভালো।
দুর আকাশে এক ফালি চাঁদ
একি নিদারুন রুপ
দুটি মনের সকল আশা
আজ নিরব নিশ্চুপ।
নতুন করে পন করি আজ
আজকের দিনের শোভায়
গর্ব ভরে বলবো মোরা
তবু ভালোবাসি তোমায়।

# সংশয়ে পৃথিবী সদা টলে

খোদার পৃথিবী মোদের সংশয়
ভাবি শুধু নিরবে গহীন গভীরে
একটা সুপ্ত প্রানবন্ত চেতনা
আঁধারে উঁকি মারে নিবিড়ে।
পৃথিবীর এক বিনয়ী সংশয়
ঝুলন্ত দোলন কোলে
ফোটে নাকো কুসুম ফুল
হতাশায় অভয়ের হাই তোলে।
আধারে আলো নিভে যায় আজি
বিকশিত হয় না ফুল
মেঘের কোলে ঝর্ণার ধারা
আজ পায়না খুঁজে কুল।
জীবন যেন বিষন্নতায় মলিন
আশায় আশায় হয় নিঃশেষ
বিশ্ব ভ্রম্মান্ডের তান্ডব লিলায়
মেতেছে সবাই আমার বিশ্বেষ।

অহংকারের অহমিকা আজ অনড় অটল
সম্পদের গহীন গভীরে
লুণ্ঠিত হবে ধরা চলে আজি
নগ্ন চরনে অচিরে।
অট্টালিকার তার হবে নাকো প্রয়োজন
কিংবা দালান কোঠার
বিলীন হবে ক্ষনে ভুবন চরনে
গগন ভেদি শত টোটার।
পতনের শঠতা আজ বড়িছে তড়িৎ
নিমিষেই আসবে ঢল
বিবেক বলে মোর ভরা ডুবি তরি
চল ফিরে বাড়ি চল।
নব প্রজন্ম গড়বে ধরা
কঠিন চেতনার চিত্তে
ঘুর পাকে তারা হবে শ্রান্ত
এটম বোমার বৃত্তে।

# ফোরকান

পড়েছি আমি হাদিস-কোরআন
হৃদঙ্গম করেছি তার অর্থ
ছুয়েছে হৃদয় শিহরনে মন
কেঁপেছে স্বর্গ-মর্ত।
অশ্রু কভু ঝড়েনিকো আমার
থমকে দাড়িয়েছে মন
অবহেলায় অবজ্ঞায় কেটেছে আমার
শিশু কৈশোর যৌবন।
দেয় নিকো সমাজ দৃষ্টি চক্ষু
ধরে আছে  টেনে  আধারে
শত কোটি মন ভেষে চলে যায়
বিরল বিরান পাথারে।
প্রান প্রিয় মন উঁকি মারে মোর
কে দেবে আশার আলো
খুন ঝরে মোর অঝোর ধারায়
কেবা ভাবে কার ভালো।
মৃত্যুর দুয়ারে দাড়িয়ে সবাই
নেইকো মৃত্যু ভয়
পারবে কি কভু জগৎ সংসারে
মৃত্যুকে করতে জয়।
অযাচিত কারনে অবহেলিত ফোরকান
যেন বলে যায় ধীরে
গ্রহন কর এ মহাসত্য
বিদির্ন বক্ষ চিরে।
কঠিন হৃদয়, শ্রবনহীন কান
বিলুপ্ত হোক ক্ষনে
হৃদয়ের গভীরে ফোরকান বাজুক
সকল মানব মনে।
করজোড়ে মোর মিনতি আজি
দিওনা ফিরিয়ে আমায়
ক্ষোদিত হোক ফোরকান শুধু
তোমার রঙ্গিন জামায়।
ফোরকান শুধু দিতে চায় সবায়
একটি বেহেশতের চাবিকাঠি
নেও করে বরন খোদার উপহার
কর ফোরকানেরই পরিপাটি।

# আমাদের পৃথিবী

মনের সুখে কথা বলার
একটি মানুষও নাই
মনের সুখের মানুষ আমায়
এনে দাওতো ভাই।
এ জগতের মানুষ গুলো
যেন বেজায় ভিন্ন
মুছে গেল এ ধরাতে
মানবতার চিহ্ন।
আগের জগৎ ছিল ভাল
ছিল গুণি জন
এ জগতে মিলছে না ভাই
কুলষ মুক্ত মন।
জগৎ জুড়ে ছিল সেথায়
শান্তি আর শান্তি
মনের সুখে দিন কাটতো
নেই ছিলনা ক্লান্তি।

মানব মনে কত ফাটল
কারো মনে ব্যাকহোল
নাইকো শান্তি একটু কোথাও
সব কিছুতে হট্টগোল।
আদব-কায়দা মান-সম্মান
ছিল ভালোবাসা
এ জগতে হানা হানি
নেইকো প্রানের আশা।
মানুষ হল পাষাণ হৃদয়
করছে সবার ক্ষতি
দিবা রাতি ফিকির তাদের
দুষ্ট মতি গতি।
দল ছিল বল ছিল
ছিল কত মিল
ক্ষতি হবে সেই ভেবে
দিত নাকো ঢিল।

আগের জগৎ আবার আমি
ফিরে পেতে চাই
এসো মোরা সবাই মিলে
সেই জগতে যাই।
নেইকো বাধা মনতো মোদের
এক আঁচলে বাঁধা
দুষ জনেরা যতই করুক
দিতে চোখে ধাঁধাঁ।



# আমার আর পৃথিবীর প্রেম

ডাঃ শাহনাজ পারভীন

অদৃশ্য প্রেম কেবল ব্যথাই জাগিয়ে তোলে
ব্যাথা তো নয় যেনো ভেঙে যাবার মতন
হঠাৎ কখনো জোড়া লেগে যায়।

ঃযেখানে প্রেম নেই সেখানে ব্যথা নেভানো দায়।

নির্ঘুম রাত্রি জেগে থাকে
পাওনার খাতায় অনবরত ঘুম লিখে যায়
অলসতা নীল খামের চিঠিগুলো মাঝের ড্রয়ারে
রেখে দিয়ে বলে এখানে প্রেম কোথায়
দরজা দিয়ে না এলে প্রেম হয় অদৃশ্য নীল সূতো।

আগুন প্রেম নেভাতে পারে এমন জল কোথায়
পৃথিবীর সব জলরাশি একত্রিত হয়ে

যদি বলে প্রেম দাও
সূর্য কি দেবে তাই?

পাখি সব সুর নিয়ে বলে গান গাও
শব্দ জলতরঙ্গের মতন উঠে আর নামে
যেমন নদীতে জোয়ার এলে পাড় ভেঙে যায়
তেমন প্রেম না দিলে সঠিক সুর কি তোলা যায়

এমন প্রেম যা দিয়ে ইতিহাস গড়ে যায়
অমর অলৌকিক প্রেম যেখানে
লোকগাঁথা রচিত হয়
যেমন প্রেম গাছ আর মাটিতে
পাখির সাথে নীলে
মেঘ আর সূর্যের প্রমের রঙে

# Poem by Tasnuva

## Tasnuva Faisal



Every human wishes to live in a world where things are fair,
A Utopia that most can only dream of,
As finding such a thing in our world is rare,

Many walk through their life of inequality,
In a place where they're told they don't belong,
Their rights nonexistent in a society,
Where they are left to tell themselves to be strong,

Day after day,
Fear is lit inside them like scorching fires, To live in equality, is all they had desired.

Forced they are to live in terror,
Live a life where they have no control,
Nobody's there to hear them out,
And so their stories are left untold,

Do you understand how they feel?
Their dreams being crushed,
Under the feet of brutality,
Replaced by a nightmare nothing more than unjust.

They are tired of this treatment,
This discrimination and continuous feeling of despair,
These people are not toys to be played with,
So stop being so unfair,

Stop making them feel as if they don't belong,
Choosing your favourites and leaving the rest behind,
Stop the unnecessary cruelty against these people,
And pulling them down from the ladders they're so desperate to climb,

Untie them from the ropes of fear,
And free the voices that are willing to be heard,
Spare them the torture of inequality,
And listen to their every word,

Don't be the ones to ruin our world,
With cold hearts full of hate, Start treating everyone and everything equally, It's time we made the world a better place.

# Like A Tree

Robin Arman



I am still  growing
like a tree,
getting taller and smarter.
With all my belief
I can do anything.

I am growing like a tree,
growing towards the sky
With tender care and love
from my parents,
I can be anyone.

I am still growing
to my full potential
being the most interesting person
in the world.

So I wrote this poem
to show that
I am trying.

# The Floating Island

Shareen Afra Amani (Age:12years)
D/O Dr Arifa Sultana





# Art of Nature

Sharika (Age:11years)
D/O Dr Sadia Sharmin





## Night Sky

Tasnuva Faisal (Age:14years)
D/O Dr Samia Shawkat





# Art by Junayd

Shah Junayd Ahmed (10 years)
S/O Dr Samia Arefin





# Arts by Swargo

Swargo Chowdhury (Age:06years)
S/O Dr Sazeedul Islam & Dr Jenifer Rahman







# Arts by Ayan

Ayan (Age:17years)
S/O Dr Zobaida Akhter Ratna







# Arts by Nora

Nora (Age:08years)
D/O Dr Zobaida Akhter Ratna







# Arts by Seyaam

Seyaam (Age:10years)
S/O Dr Iqbal Hossain













# Elephant's Family

Tazmeen Yusuf Cowdhury (Age:16years)
D/O Dr. Farzana yusuf & Mr. Kaizer Ahmed Chy





# Bangladesh - My Pride

Zayaan Faisal (Age:11years)
S/O Dr Samia Shawkat



